

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, রংপুর সদর, রংপুর  
doict.rangpursadar.rangpur.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৮৫৪৯.০০১.২৬.০০২.২০-১৪(৫)

তারিখ ৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
২০ মে ২০২০ খ্রিস্টাব্দ


**কোটেশন আহ্বানের বিজ্ঞপ্তি**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রংপুর সদর, রংপুর এর জন্য একটি ব্রাড নিউ মটরসাইকেল সরবরাহের নিমিত্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত কোটেশন (নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক) আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি যোগাযোগ করা যেতে পারে।

ক্রম	পণ্যের নাম	ফিচার	পরিমাণ	ওরিয়েন্টি
০১	মোটর বাইক	মোটর বাইক (১২৫ সিসি) বিস্তারিত স্পেসিফিকেশন (সংযুক্ত)	০১	সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী

**শর্তাবলীঃ**

- ১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর সদর, রংপুর এর দপ্তর হতে সরবরাহ করা হবে;
- ২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ২৮/০৫/২০২০খ্রিঃ তারিখ বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন বেলা ০৪.০০ ঘটিকায় মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন উন্মুক্ত করে মূল্যায়নের নিমিত্ত উপস্থাপন করা হবে;
- ৩। সরবরাহকৃত দ্রব্যাদির সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ৪। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে বর্ণিত দ্রব্যাদি সরবরাহ করতে হবে;
- ৫। সরবরাহকৃত দ্রব্যাদি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের যাচাই ও গ্রহণ কমিটি দ্বারা নির্ধারিত স্পেসিফিকেশন ও সংখ্যা অনুযায়ী যাচাই পূর্বক গ্রহণ করা হবে;
- ৬। সরবরাহকৃত দ্রব্যাদি কোন প্রকার সমস্যা/ত্রুটি দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী যাবে না;
- ৭। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দিলে বিকল্প দর প্রদান করতে পারবে না;
- ৮। বর্ণিত সরবরাহের কাজ সম্পাদন করে বিল পরিশোধের জন্য ৩ কপি বিল (মূলকপি) দাখিল করতে হবে;
- ৯। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্য বিল হতে আয়কর ও ভ্যাটসহ অন্যান্য চার্জ প্রযোজ্য হারে কর্তন পূর্বক ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস, রংপুর বিভাগ, রংপুর থেকে দাবীকৃত বিল পরিশোধ করা হবে;
- ১০। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যেকোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে;

  
(মোঃ ফারহান নওরোজ নূর)  
সহকারী প্রোগ্রামার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
রংপুর সদর, রংপুর  
মোবাইল: ০১৭২৩৬০৬৮৯৯  
[farhan.ap.doict@gmail.com](mailto:farhan.ap.doict@gmail.com)

**সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ**

- ১। উপ-পরিচালক (অর্থ/প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস নথি/ নোটিশবোর্ড/ ওয়েব সাইট।